

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.০৫.০০৫.২০১১- ৭৫২

তারিখঃ ১৮/০৬/২০১৭খ্রিঃ


বিষয় : ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচন স্থগিতকরণ সংক্রান্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যানের অপসারণজনিত কারণে শূণ্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন কর্তৃক তফসিল ঘোষণা করা হয়। তদুপেক্ষিতে, জনাব মোঃ কফিল উদ্দিন (অপসারণকৃত চেয়ারম্যান), সাভার উপজেলা পরিষদ কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন-৭০৩৮/২০১৫ এ চলমান থাকায় সাভার উপজেলা পরিষদ উপ-নির্বাচনের তফসিল বন্ধের বিষয়ে এ বিভাগে আবেদন করেন।

তঁার আবেদনটি পর্যালোচনায় দেখা যায়, আবেদনটি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করা হয়নি। এছাড়া আবেদনে তঁার পদবী, ঠিকানা ও টেলিফোন নম্বর উল্লেখ নেই।

এমতাবস্থায়, জনাব মোঃ কফিল উদ্দিন কর্তৃক সাভার উপজেলা পরিষদ চেয়ারম্যান এর শূণ্য পদে উপ-নির্বাচনের তফসিল স্থগিতকরণ বিষয়ে লিখিত আবেদনটির যথার্থতা যাচাইপূর্বক এ বিভাগে প্রতিবেদন প্রেরণের জন্য আবেদনের ছায়ালিপি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।


(লুৎফুন নাহার) ১৬/৬/২০১৭
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক,
ঢাকা।

অনুলিপিঃ

সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।